**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**
**সচিবালয় বিভাগ**
**সাধারণ শাখা**
**www.ccc.gov.bd**

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত পঞ্চম সাধারণ সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. শাহাদাত হোসেন<br>মেয়র<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ২৩ জুন ২০২৫খ্রি. |
| সময় | : | বেলা ১১ মিনিট |
| স্থান | : | থিয়েটার ইনস্টিটিউট মিলনায়তন, চট্টগ্রাম |

পবিত্র কোরান তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটির উপস্থিত সকল সদস্য ও প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামকে সভার কার্যক্রম শুরুর আহ্বান জানান।

সভাপতি বলেন, জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে মাত্র ১০ কোটি টাকা ব্যয়ে ১৯টি খাল থেকে ৪১ লাখ ঘনফুট মাটি ও আবর্জনা অপসারণ করা হয়েছে। সরকার কর্তৃক প্রাপ্ত ৫ কোটি টাকায় নালা নর্দমা পরিষ্কার করার জন্য ১৪৮টি টিআর প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি বর্ষায় আরও ২০০টি প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। মশক নিধনে আধুনিক পদ্ধতি ও আমেরিকান প্রযুক্তির লার্ভিসাইড ব্যবহার শুরু হয়েছে। তিনি বলেন, চলতি মৌসুমে অতিবৃষ্টিতেও জিইসি, বহদ্দারহাট, চকবাজারসহ গুরুত্বপূর্ণ এলাকাগুলো পানিতে তলিয়ে যায়নি। তিনি বলেন, আধুনিক বর্জ্য শোধনাগার নির্মাণে দক্ষিণ পাহাড়তলীতে ১০ একর জমি ক্রয় করা হয়েছে এবং কুলগাঁও এলাকায় বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ কাজও এগিয়ে চলছে।

পরিশেষে, সভাপতি হেলদি ও সেইফ সিটি, আধুনিক প্রযুক্তিসম্পন্ন ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ বাসযোগ্য নান্দনিক পর্যটন নগর গড়তে নগরবাসীর আন্তরিক সহযোগিতা কামনা করেন।

**অর্থ ও সংস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির (বিশেষ প্রাক বাজেট) সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| গত ১৫ জুন, ২০২৫ তারিখে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ৩য় (বিশেষ প্রাক বাজেট) সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০২৪-২০২৫ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৫-২০২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রসংঙ্গে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বস্থ সিদ্ধান্ত গৃহীত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাজেটের খাত ভিত্তিক আয়-ব্যয় বিবরণী খাতওয়ারি পর্যালোচনাপূর্বক কর্পোরেশনের উন্নয়ন কাজ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাস করার এবং নগরবাসীর সেবা কার্যক্রমের জন্য ২০২৪-২০২৫ অর্থবছরের ১,২২১,৯৬,০০,০০০.০০ (এক হাজার দুইশত একুশ কোটি ছিয়ানব্বই লাখ) টাকার সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থবছরের ২,১৪৫,৪২,০০,০০০.০০ (দুই হাজার একশত পঁয়তাল্লিশ কোটি বিয়াল্লিশ লাখ) টাকার প্রস্তাবিত বাজেট সভার সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ডা. শাহাদাত হোসেন)
সভাপতি ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশ

স্মারক নং: ৪৬.১১.১৬০০.০০১.০৬.০৩১.২৪—২০৬৬ তারিখ:[illegible]/২০২৫ খ্রি.

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) অতিরিক্ত /যুগ্মকমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)- সদস্য
৩) উপ-ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ব্যবসস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত)- সদস্য
৪) সদস্য, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)- সদস্য
৫) সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) - সদস্য
৬) অতিরিক্ত জেলা প্রশাসক/উপপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম জেলা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)- সদস্য
৭) মহ্যব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)- সদস্য
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-২, সিজিও বিল্ডিং-১ কক্ষ নং-২৯০ ,আগ্রাবাদ, চট্টগ্রাম, সদস্য
৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর- সদস্য
১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- সদস্য
১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর- সদস্য
১২) পরিচালক,স্বাস্থ্য, চট্টগ্রাম বিভাগ- সদস্য
১৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড- সদস্য
১৪) তত্ত্বাবধায়ক/নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ- সদস্য
১৫) প্রতিনিধি, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স- সদস্য
১৬) প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর -সদস্য
১৭) প্রতিনিধি,বন অধিদপ্তর-সদস্য
১৮) প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ)- সদস্য
১৯) উপ-পরিচালক,প্রাথমিক শিক্ষা-সদস্য
২০) উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা- সদস্য

Scanned with CamScanner

অনুলিপিঃ <u>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১) সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
২) বিভাগীয় প্রধান (সকল)...................... বিভাগ (তাঁর অধীনস্থ সংশ্লিষ্টদের উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৩) আইন কর্মকর্তা/এক্সিকিউটিভ/স্পেশাল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৪) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ........... অঞ্চল, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক/বিদ্যুৎ), প্রকৌশল বিভাগ
৬) জনসংযোগ কর্মকর্তা, সচিবালয় বিভাগ
৭) প্রোগ্রামার, আইটি সেল, সচিবালয় বিভাগ
৮) মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
৯) লাইব্রেরিয়ান, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাবলিক লাইব্রেরী, লালদিঘী, চট্টগ্রাম
১০) নাজির, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
১১) জনাব ........................................................., চট্টগ্রাম সিটি কর্পোরেশন
১২) অফিস কপি

৩/৮/২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

Scanned with CamScanner